

প্রতিদিন বাকাশিবা এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.১১৪

তারিখঃ ২৪-০৬-২০১৮খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার TC, PC ও GPA নম্বর অনলাইনে এন্ট্রি করার পুনঃ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষায় প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের TC ও PC নম্বর অনলাইনে প্রেরণের সময়সীমা ২৭-০৫-২০১৮ হতে ০৭-০৬-২০১৮ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু বেশ কিছু প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার্থীদের TC, PC ও GPA নম্বর অনলাইনে আংশিক/পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করতে পারেনি বলে টেলিফোনে এবং পত্রের মাধ্যমে জানিয়েছে।

এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান অনলাইনে TC, PC ও GPA নম্বর এন্ট্রি করতে পারেনি তাদেরকে আগামী ২৬-০৬-২০১৮ হতে ০১-০৭-২০১৮ তারিখ পর্যন্ত অনলাইনে TC, PC ও GPA এন্ট্রি করার জন্য পুনরায় সুযোগ দেয়া হলো।

উল্লেখ্য, ৮ম পর্ব পরীক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় GPA নম্বর (সংশ্লিষ্ট পর্বের এন্ট্রি করা না থাকলে) উক্ত সময়ে মধ্যে অনলাইনে এন্ট্রি করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে উক্ত নম্বরসমূহ অনলাইনে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অনুরোধ জানানো হলো। এ সকল নম্বর যথাযথভাবে অনলাইনে প্রেরণ না করার কারণে ফলাফল প্রকাশে জটিলতা সৃষ্টি হলে তার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানই দায়ী থাকবে।

TC, PC ও GPA নম্বর অনলাইনে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য রাখতে হবেঃ-

- * ফরম ফিলাপকৃত সকল পরীক্ষার্থীর TC, PC ও GPA (GPA এর ক্ষেত্রে ৮ম পর্ব পরীক্ষার্থীদের) নম্বর এন্ট্রি করতে হবে।
- * কোর্স স্ট্রাকচার অনুসরণ করে সংশ্লিষ্ট বিষয়ের মোট নম্বর ও পাস নম্বর নিশ্চিত হয়ে TC, PC নম্বর করতে হবে।
- * সংশ্লিষ্ট পর্বের টেবুলেশনসীট মোতাবেক GPA নম্বর এন্ট্রি করতে হবে।
- * অনলাইনে প্রেরণকৃত নম্বরের প্রিন্ট আউট কপি মিলিয়ে দেখতে হবে।
- * বোর্ডে জমাকৃত সকল হার্ডকপির এক সেট ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন- ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৮.১১৪(০৬)

তারিখঃ ২৪-০৬-২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট সকল পলিটেকনিক ইন্সটিটিউট)।
৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
[বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ বর্ধিত সময়ে অনলাইনে ডাটা এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।]
৫. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

ফোনঃ ০২-৯১১৮৭৭